



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ.রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd/)



স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০২০/৪৫৬

তারিখ : ১৬ চৈত্র, ১৪২৭
২৮ মার্চ, ২০২১


আলিম পরীক্ষা-২০২০ এর অব্যয়িত কেন্দ্র ফি এবং বোর্ড ফি ফেরত প্রদান সংক্রান্ত দ্বিতীয় বিজ্ঞপ্তি

কোভিড-১৯ মহামারির কারণে ২০২০ সালের আলিম পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। গত ০৭ অক্টোবর ২০২০ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় পরীক্ষার ফরম পূরণকারী পরীক্ষার্থীদের দাখিল/সমমান এবং জেডিসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০২০ সালের আলিম পরীক্ষার ফল প্রকাশের ঘোষণা প্রদান করেন। তাই পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ এবং ব্যবহারিক ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৫৮ তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গ্রহীত হয় এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির ৫২৯ তম সভায় অনুমোদিত হয়।

২০২০ সালের আলিম পরীক্ষার অব্যয়িত বোর্ড ফি ও কেন্দ্র ফি ফেরত সংক্রান্ত নির্দেশাবলী

- (ক) বোর্ড কর্তৃক প্রত্যেক মাদ্রাসার পরীক্ষার্থীদের অব্যয়িত অর্থের মোট টাকা ইতোমধ্যে স্ব-স্ব মাদ্রাসার প্রাতিষ্ঠানিক ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হয়েছে।
- (খ) মাদ্রাসা কর্তৃপক্ষ (<http://bmeb.ebmeb.gov.bd/index.php/site/feealim2020>) এই লিংক থেকে EIIN নম্বর ব্যবহার করে তাঁর প্রতিষ্ঠানের তালিকা ডাউনলোড করে প্রিন্ট করে নিবেন। প্রিন্ট কপিতে প্রত্যেক পরীক্ষার্থীর প্রাপ্য খাতওয়ারী টাকার হিসাব (অব্যয়িত অর্থ) উল্লেখ থাকবে। প্রিন্ট কপিতে উল্লিখিত টাকার কলামের ডান পাশে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর ও মোবাইল নম্বর গ্রহণপূর্বক টাকা প্রদান করতে হবে। সকল অর্থ পরিশোধের পর তালিকার মূল কপি বোর্ডের হিসাব শাখায় জমা দিতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট মাদ্রাসা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।
- (গ) যদি কোন মাদ্রাসার প্রাতিষ্ঠানিক ব্যাংক হিসাব নম্বরে পরীক্ষার্থীদের প্রাপ্য অর্থ (বোর্ড কর্তৃক পরীক্ষার্থীদের ফেরতের অংশ) না গিয়ে থাকে তবে মাদ্রাসার সঠিক প্রাতিষ্ঠানিক হিসাব নম্বরের প্রমাণসহ অত্র বোর্ডের হিসাবরক্ষণ কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
- (ঘ) পরীক্ষার্থীগণ (<http://bmeb.ebmeb.gov.bd/index.php/site/feealim2020>) এই লিংকে ক্লিক করে নিজ রোল নম্বর ব্যবহার করে অব্যয়িত অর্থ থেকে তার মোট প্রাপ্য টাকার পরিমাণ জানতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে


মোঃ কামাল উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক


বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।


ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল : controller@bmeb.gov.bd

সদয় অবগতি:

- (১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা।
- (৩) জেলা প্রশাসক, সকল জেলা।
- (৪) মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৫) মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৬) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- (৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ:দা:), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (৯) অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, অত্র বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা।
- (১০) পিওটু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (১১) পিওটু রেজিস্ট্রার/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- (১২) অফিস কপি।


২৮/৩/২১



২৮/৩/২১

ড. মোঃ হুসাইন মাহমুদ ফারুক

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৫৩৬৯


২৮/৩/২১